# এইচ এস সি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

## বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড : ২ ৬ ৮

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

১.▶ মাদক দ্রব্য ক্রয়-বিক্রয় নিষিদ্ধ সত্ত্বেও কতিপয় দুষ্কৃতিকারী এর সাথে জড়িত থেকে অবাধে এ ব্যবসা চালিয়ে যাচ্ছিল। এ ব্যাপারে পুলিশ ঝটিকা অভিযান চালায়। পরপর দুবার অভিযান চালিয়েও এ সকল দুষ্কৃতিকারীদের ধরতে ব্যর্থ হয়। অতঃপর পুলিশ বিভাগের র‍্যাব সদস্যদের নেতৃত্বে একটি অভিযান চালিয়ে দশ জন মাদক ব্যবসায়ীকে ধরা সম্ভব হয়। ফলে রায়ের বাজার এলাকায় মাদকের ব্যবহার কমে আসে।

ক. মুসলমানদের সিন্ধু অভিযানের সময় সিন্ধুর রাজা কে ছিলেন? ১

খ. মুহাম্মদ বিন কাশিমের করুণ মৃত্যুর ঘটনা লিখ। ২

গ. উদ্দীপকে 'র‍্যাব' অভিযানের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন অভিযানের মিল রয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত অভিযানের সুদূর প্রসারী ফলাফল পাঠ্যবই এর আলোকে বিশ্লেষণ কর। ৪

২.▶ বহুধাবিভক্ত দাক্ষিণাত্যের রাজ্যগুলো শাসকবর্গের মধ্যে অনৈক্য ও ঈর্ষাপরায়নতার সুযোগে এবং সমৃদ্ধশালী দক্ষিণাঞ্চল হতে অর্থ সম্পদ সংগ্রহ করার উদ্দেশ্যেই সুলতান আলাউদ্দিন খলজী দাক্ষিণাত্যে অভিযান প্রেরণ করেন এবং প্রচুর ধনরত্ন লাভ করেন। কথিত আছে বরজাল বিজয়ের পর ১০০০ উট অতিকষ্টে উক্ত লব্ধ ধনরত্ন দিল্লিতে বহন করে নিয়ে যায়। তাছাড়া তার দাক্ষিণাত্য জয়ের প্রকৃতি ছিল তথাকার রাজন্যবর্গের বশ্যতা স্বীকারের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন প্রকার অর্থসম্পদ ও মণিমুক্তা সংগ্রহ করা।

ক. শাহনামা কে রচনা করেন? ১

খ. আল বেরুনীর পরিচয় দাও। ২

গ. উদ্দীপকের বরজাঁল বিজয় ও প্রাপ্তির সাথে সুলতান মাহমুদের কোন অভিযানের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সুলতান মাহমুদের ভারত অভিযানের অর্থনৈতিক দিকটি বিশ্লেষণ কর। ৪

৩.▶ রবার্ট ব্রুস স্কটল্যান্ডের রাজা ছিলেন। শত্রুগণ কর্তৃক তিনি স্বীয় রাজ্য হতে বিতাড়িত হন। প্রাথমিক প্রচেষ্টা দ্বারা তিনি রাজ্য উদ্ধারে ব্যর্থ হন। পর্বত গুহায় আশ্রয় গ্রহণকালে একটি মাকড়শার পর্বত বেয়ে উপরে উঠার অবিরাম প্রচেষ্টা দেখে তিনি স্বীয় রাজ্য উদ্ধারে অনুপ্রাণিত হন। নতুন উদ্যম ও অবিরাম প্রচেষ্টার মাধ্যমে তিনি শত্রুবাহিনীকে পরাজিত করে তার হারানো রাজ্য উদ্ধারে সক্ষম হন।

ক. স্বীয়রাজ্য কোন দেশে অবস্থিত? ১

খ. তরাইনের প্রথম যুদ্ধ সম্পর্কে কী জান? ২

গ. উদ্দীপকের রাজার ২য় প্রচেষ্টার সাফল্যের সাথে তোমার পঠিত কোন রাজার যুদ্ধের মিল রয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. মুসলিম শাসন প্রতিষ্ঠায় উক্ত শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৪. ▶ ওয়াটসন একজন কৃতদাস ছিলেন। তিনি তার রাজনৈতিক দক্ষতা ও বুদ্ধিমত্তার দ্বারা ফ্রান্সের সিংহাসনে আরোহণ করেন। একমাত্র আত্মবিশ্বাসের উপর ভিত্তি করে তিনি নব প্রতিষ্ঠিত ফ্রান্সকে অভ্যন্তরীণ ও বহিশত্রুর হাত থেকে রক্ষা করে সুদৃঢ় ভিত্তির উপর স্থাপন করেন। শাসন ব্যবস্থাকে সুসংহত করার জন্য তিনি একটি সংঘ প্রতিষ্ঠা করেন। তার সকল কৃতিত্বের জন্য তাকে ফ্রান্সের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়।

ক. দিল্লী সালতানাতের প্রতিষ্ঠাতা কে? ১

খ. চল্লিশ চক্র বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের কর্মকাণ্ড দিল্লি সালতানাতের কোন শাসকের কর্মকাণ্ডের নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত শাসকের কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

৫. ▶ আব্বাসীয় খলিফা আল মনসুর ছিলেন বাস্তবধর্মী রাজনীতিবিদ। তিনি বংশের স্বার্থ রক্ষার্থে যে কোন নিষ্ঠুর কাজ করতে পারতেন। তার স্বরাষ্ট্রনীতির মূল লক্ষ্য ছিল সম্ভাব্য সকল প্রতিবন্ধীদের নিশ্চিহ্ন করে সিংহাসনকে মুক্ত রাখা। এ উদ্দেশ্যে তিনি তার চাচা আবদুল্লাহ বিন আলীকে, আবু মুসলিমকে হত্যা করেন অথচ আব্বাসীয় বংশ প্রতিষ্ঠায় তাদের অবদান ছিল অপরিসীম। তাছাড়া সানবাদের বিদ্রোহ, রাওযান্দিয়া বিদ্রোহ, আলী বংশীর উপর অত্যাচারসহ অনেক বিদ্রোহ কঠোর হস্তে দমন করেন এবং রাজ্য বিস্তারে মনোযোগী হন। শিক্ষা সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করেন। মনসুর তার নির্মম ও কঠোর নীতির মাধ্যমে রাজ্যকে সুদৃঢ় করেন।

ক. দিল্লীর কোন সুলতান রক্তপাত কঠোর নীতি প্রয়োগ করেন। ১

খ. বলবন বাংলার তুঘরীল খানকে কিভাবে পরাজিত করেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কঠোর নীতির সাথে সালতানাতের কোন শাসণের কঠোর নীতির মিল রয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাসকের মোজ্ঞাল নীতি বিশ্লেষণ কর। ৪

৬. ▶ সুজা খান বিশাল বাণিজ্যিক কোম্পানির মালিক। তিনি তার একমাত্র পুত্র ডানিয়েলকে নাবালক অবস্থায় রেখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি তার ঘনিষ্ঠ ও বিশ্বস্ত বন্ধু হাকাম খানকে পুত্রের অভিভাবক হিসেবে নিয়োগ দেয়। হাকাম খান অত্যন্ত দক্ষতা ও কঠোরতার সাথে সকল প্রতিকূলতার মোকাবেলা করে কোম্পানির অস্তিত্ব বজায় রাখেন এবং ডানিয়েলকে যোগ্যতম হিসেবে গড়ে তোলেন। কালক্রমে হাকাম খান কোম্পানির সর্বেসর্বা হয়ে উঠেন। ডানিয়েল তার অভিভাবক ও শিক্ষকের এ ধরনের কাজ সুনজরে দেখেননি। তিনি হাকামকে উৎখাত করে সকল ক্ষমতা নিজে হস্তগত করেন। ডানিয়েল ছিলেন অসাধারণ মেধা, যোগ্যতা ও দক্ষতার অধিকারী। অল্প সময়ের মধ্যে তিনি নিজেকে শ্রেষ্ঠ হিসেবে পরিগণিত করেন।

ক. পানি পথের দ্বিতীয় যুদ্ধ কোন মুঘল শাসকের সময় সংঘটিত হয়? ১

খ. দীন-ই-ই এলাহী কী ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের হাকাম খানের কর্মকাণ্ডের সাথে সম্রাট আকবরের বাল্য জীবনে কোন ব্যক্তির কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ডানিয়েলের চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে সম্রাট আকবরের চারিত্রিক বৈশিষ্ট্যের সাদৃশ্য পর্যালোচনা কর। ৪

http://teachingbd.com

৭. ▶ নেপোলিয়ন বোনাপার্ট ছিলেন একজন বিখ্যাত শাসক। রাজ্য জয় ছিল তার নেশা। তিনি স্পেনসহ অনেক দেশ জয় করেন। কিন্তু স্পেন জয় ছিল তার পতনের অন্যতম কারণ। যার জন্য তার এই জয়কে স্পেনীয় ক্ষত বলা হয়। নেপোলিয়ন বলতেন স্পেনীয় ক্ষত আমার ধ্বংস সাধন করেছিল।

ক. জিন্দাপীর কাকে বলে? ১

খ. শিবাজী কে ছিলেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শাসকের স্পেন জয়ের সাথে কোন মোঘল শাসকের দাক্ষিণাত্য জয়ের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'দাক্ষিণাত্য সম্রাটের দেহের ও সাম্রাজ্যের শস্যভূমি ছিল'— ঐতিহাসিক স্মিথ এর উক্তি বিশ্লেষণ কর। ৪

৮. ▶ রীম বারান্দায় বসে দৈনিক প্রথম আলো পড়ছিল। পৃষ্ঠা ৩ এর ১নং কলামে লেখা ছিল যেমনটি, আজ ১০ নভেম্বর। শহীদ নূর হোসেন দিবস। ১৯৮৭ সালে এই দিনে বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য স্বৈরশাসক এইচ এম এরশাদের বিরুদ্ধে রাজপথে লড়াই করতে গিয়ে শহিদ হয়েছিলেন নূর হোসেন। হাজারো প্রতিবাদী যুবকদের সঙ্গে জীবন্ত পোস্টার হয়ে রাজপথে নেমে এসেছিল নূর হোসেন। তার বুকে পিঠে লেখা ছিল 'গণতন্ত্র মুক্তি পাক' 'স্বৈরাচার নিপাত যাক'। নূর হোসেনের সাথে আরও আত্মাহুতি দেন নূরুল হুদা ও কিশোরগঞ্জের ক্ষেত-মজুর আমিনুল হুদা।

ক. কত খ্রিষ্টাব্দে লাহোর প্রস্তাব গৃহীত হয়? ১

খ. পূর্ব বাংলার প্রতি পশ্চিম পাকিস্তানের শিক্ষা ক্ষেত্রে বৈষম্য সম্পর্কে কী জান? ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যবই এর কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনা পরবর্তীতে স্বাধীনতা আন্দোলনের রূপ নেয়— এ বক্তব্যের সাথে তুমি কি একমত? মতামত দাও। ৪

৯. ▶ স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার। এই স্বাধীনতা অর্জন ও রক্ষা করতে মানুষ যুগে যুগে বুকের রক্ত ঢেলে দিয়েছেন অকাতরে। সম্প্রতি ইউক্রেনের স্বায়ত্বশাসিত অঞ্চল ক্রিমিয়ার রাশিয়ায় অন্তর্ভুক্তি নিয়ে ভোটাভুটি এবং অঞ্চলের স্বাধীনতা ঘোষণাকে কেন্দ্র করে গেল কিছুদিন থেকেই বিশ্ব রাজনীতিতে উত্তাল বিরাজ করছে। এরূপ ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্রের প্রতিষ্ঠার পর পূর্ব পাকিস্তানের জনগণ তাদের স্বতন্ত্র সত্তা তথা আত্মনিয়ন্ত্রণের অধিকারের জন্য এমনই একটি দাবি উপস্থাপন করছিল। এটি ছিল পূর্ব পাকিস্তানি শাসন-শোষণ, অত্যাচার, নিপীড়ন ও বঞ্চনার হাত হতে পূর্ব পাকিস্তানবাসীকে মুক্ত করার দাবি।

ক. ছয় দফা ঘোষণা করেন কে? ১

খ. ছয় দফার প্রথম দাবি সম্পর্কে লিখ। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দাবি সমূহের পটভূমি তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. এটি ছিল শাসন-শোষণ, অত্যাচার, নিপীড়ন ও বঞ্চনার হাত হতে পূর্ব পাকিস্তানকে মুক্ত করার দাবি— আলোচনা কর। ৪

http://teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য় পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৬৮

সময় : ৪০ মিনিট | পূর্ণমান: ৪০

**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

**১. মালিক কাফুরকে হাজার দিনারী বলা হয় কেন?**
ক) মোঙ্গল আক্রমণ প্রতিহত করার জন্য
খ) তার কাছে হাজার দিনার ছিল
গ) হাজার দিনার দান করতেন বলে
ঘ) তাকে হাজার দিনারে ক্রয় করা হয়েছিল বলে

**২. জায়গীরদার প্রথার পুনঃপ্রবর্তন করেন কে?**
ক) গিয়াস উদ্দিন তুঘলোক  খ) মুহাম্মদ বিন-তুঘলোক
গ) ফিরোজ শাহ তুঘলোক  ঘ) আবুবকর শাহ

**৩. শেরশাহের কাছে হুমায়ুনের পরাজয়ের প্রধান কারণ কী ছিল?**
ক) হুমায়ুনের সৈন্যদের অযোগ্যতা
খ) হুমায়ুনের ভাইদের ষড়যন্ত্র
গ) হুমায়ুনের রাজনৈতিক অদূরদর্শিতা
ঘ) হুমায়ুনের সামরিক অদক্ষতা

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
সানিলা শিক্ষা সফরে সোনারগাঁও ভ্রমণে যায়। সে শেরশাহ কর্তৃক নির্মিত 'গ্রান্ড ট্রাঙ্ক' রোডটি দেখে অবাক হয়। সোনারগাঁও এর যাদুঘর পরিদর্শন করে শের শাহের আমলের অনেক তাম্র মুদ্রা ও রৌপ্য মুদ্রা দেখে অভিভূত হয়।

**৪. উদ্দীপকের উল্লিখিত সানিলার দেখা সড়কটি কোন সময়ের নির্দশনকে নির্দেশ করে?**
ক) প্রাচীন যুগের  খ) মধ্যযুগের
গ) ব্রিটিশ আমলের  ঘ) আধুনিক কালের

**৫. শের শাহের আমলের মুদ্রার বৈশিষ্ট্য হলো—**
i. অক্ষরের স্পষ্টতা
ii. ধাতুর বিশুদ্ধতা
iii. উন্নত মান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৬. দীন-ই-ইলাহী কী?**
ক) রাজনৈতিক উদ্দেশ্যে প্রবর্তিত মতবাদ
খ) দার্শনিক উদ্দেশ্যে প্রবর্তিত মতবাদ
গ) সামরিক উদ্দেশ্যে প্রবর্তিত মতবাদ
ঘ) সামাজিক উদ্দেশ্যে প্রবর্তিত মতবাদ

**৭. সম্রাট আকবরের অর্থমন্ত্রী কে ছিলেন?**
ক) মানসিংহ  খ) টোডরমল
গ) আবুল ফজল  ঘ) বীরবল

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
খান মুহাম্মদ আহ্সান উল্লাহ একজন জনদরদী ও দানশীল ব্যক্তি ছিলেন। দরিদ্র ছাত্রদের লেখাপড়ার জন্য এবং চিকিৎসার জন্য আহ্সানিয়া মিশন নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন।

**৮. উদ্দীপকের খান মোহাম্মদ আহ্সান উল্লাহর সাথে তোমার পাঠ্যবই এর কোন মহৎ ব্যক্তির মিল রয়েছে?**
ক) নওয়াব আব্দুল লতিফ  খ) রাজা রামমোহন রায়
গ) স্যার সলিমুল্লাহ  ঘ) হাজী মুহাম্মদ মুহসীন

**৯. কাদের প্রচেষ্টায় মুহসীন ট্রাস্টের অর্থ গরীব ছাত্রদের জন্য ব্যয় হয়?**
i. হাজী মুহাম্মদ মহসীন
ii. নওয়াব আব্দুল লতিফ
iii. স্যার উইলিয়াম হান্টার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১০. কত খ্রিষ্টাব্দে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?**
ক) ১৯০২  খ) ১৯০৪
গ) ১৯০৬  ঘ) ১৯০৮

**১১. পাকিস্তান গণপরিষদে কে প্রথম বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি জানান?**
ক) আবুল কাশেম  খ) নুরুল হক
গ) সামছুল হক  ঘ) ধীরেন্দ্রনাথ দত্ত

**১২. উর্দু ও উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা— ঘোষণাটি কার?**
ক) আইয়ুব খানের  খ) মোহাম্মদ আলী জিন্নাহর
গ) ইয়াহিয়া খানের  ঘ) খাজা নাজিমউদ্দীনের

**১৩. প্রেসিডেন্ট আইয়ুব খান কার হাতে ক্ষমতা হস্তান্তর করেন?**
ক) সেনা প্রধান জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খানের হাতে
খ) জুলফিকার আলি ভুট্টোর হাতে
গ) কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহর হাতে
ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে

**অনুচ্ছেদটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
রায়পুরের জনগণকে ভোট প্রদানে আগ্রহী করতে গিয়ে এক সভার আয়োজন করেন স্থানীয় উপজেলা চেয়ারম্যান। তিনি বলেন, ঐতিহাসিক এক নির্বাচনে জয়লাভ করার কারণেই আমরা আজ স্বাধীন মুক্ত মনে বেড়াই। সেই দিন যদি জনগণ ঐ নির্বাচনে অংশ না করত তবে হয়ত দেশ স্বাধীন হতে আরও সময় লাগত।

**১৪. রায়পুরের চেয়ারম্যান কত সালের নির্বাচনকে স্মরণ করেছেন?**
ক) ১৯৯১  খ) ১৯৮৬
গ) ১৯৭০  ঘ) ১৯৫৪

**১৫. এই নির্বাচনের ফলাফলে লক্ষ করা যায়—**
i. শাসকগোষ্ঠী ভীত হয়েছে
ii. বাংলার জনগণের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে
iii. স্বাধীনতার পথ রুদ্ধ হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
ছাত্রনেতা যায়েদ সরকার বিরোধী আন্দোলন করতে গিয়ে পুলিশের গুলিতে নিহত হন। পরে প্রতিবাদ স্বরূপ লাশ নিয়ে মিছিল করতে চাইলে পুলিশি বাধার কারণে তা সম্ভব হয়নি। জানাজার পর শোক ও হরতালের কর্মসূচি দেয়া হয়।

**১৬. ছাত্রনেতা যায়েদের সাথে ইতিহাসের কোন ছাত্রনেতার সাদৃশ্য রয়েছে?**
ক) আসাদের  খ) রুস্তমের
গ) মকবুলের  ঘ) মতিউর রহমানের

**১৭. তার মৃত্যুতে শোক দিবস ঘোষণা করে—**
ক) ঢাকা হাইকোর্ট  খ) ছাত্র ইউনিয়ন
গ) ছাত্র ফেডারেশন  ঘ) ছাত্র সংগ্রাম পরিষদ

**১৮. ছয় দফা দাবি ছিল—**
i. বাঙালির দাবি  ii. বাঁচার দাবি
iii. মুক্তির দাবি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

http://teachingbd.com

১৯. ১৯৭০ সালের ৭ই মার্চের ভাষণ বাঙালি জাতিকে কী শিক্ষা দিয়েছে?
ক) যুদ্ধ করতে
খ) ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলতে
গ) আক্রমণ করতে ঘ) ধর্মঘট করতে

২০. ২৫শে মার্চ রাত বাঙালিদের ইতিহাসে কী নামে পরিচিত?
ক) কাল রাত খ) সাদা রাত
গ) লাল রাত ঘ) নীল রাত

২১. কোন রাজার নাম অনুসারে ভারতবর্ষ নামকরণ করা হয়েছে?
ক) ধ্রুপদ খ) ধৃতরাষ্ট্র
গ) ভরত ঘ) পাণ্ডব

২২. ভারতবর্ষকে বহুজাতিক দেশ বলা হয় কেন?
ক) বিদেশি শাসকরা এদেশ শাসন করেছে বলে
খ) বহুজাতের লোক এদেশে বসবাস করায়
গ) বাইরের দেশ থেকে লোক সমাগম করায়
ঘ) বিভিন্ন দেশের বণিকরা এদেশে বাণিজ্য করেছে বলে

২৩. ভারতের প্রাচীনতম অধিবাসী কারা?
ক) আর্য খ) দ্রাবিড়
গ) শক ঘ) কুষাণ

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
চৌদ্দ বছর বয়সে বিয়ে হয় মিনতির। এরই মধ্যে কঠিন রোগে আক্রান্ত হয়ে মারা যায় তার স্বামী। স্বামী মারা যাওয়ার পর মিনতিকে চিতায় আত্মাহুতি দিতে হয়।

২৪. উদ্দীপকের ঘটনাটি প্রাচীন ভারতের কোন অবস্থা নির্দেশ করছে?
ক) সামাজিক খ) ধর্মীয়
গ) অর্থনৈতিক ঘ) সাংস্কৃতিক

২৫. মিনতির পরিণতির জন্য তৎকালীন সময়ের কোন বিষয়টি দায়ী?
ক) সতীদাহ প্রথা খ) পণ প্রথা
গ) বহু বিবাহ প্রথা ঘ) বর্ণভেদ প্রথা

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
বঙ্গোপসাগর উপকূলে মায়ানমারের জলদস্যুরা বাংলাদেশি জেলেদের আটটি ট্রলার মাছ সমেত ছিনতাই করে। সাগর উপকূলের জেলে সমিতি ঐ ট্রলারগুলো ফেরত চাইলে মায়ানমার সরকার তা ফেরত দিতে অপরাগতা প্রকাশ করে। বাংলাদেশি জেলেরা জলদস্যুদের শায়েস্তা করার পরিকল্পনা করে।

২৬. উদ্দীপকে উল্লেখিত মায়ানমার সরকারের সঙ্গে ভারতের ইতিহাসের কোন রাজার মিল রয়েছে?
ক) পৃথ্বিরাজ খ) দাহির
গ) জয়পাল ঘ) আনন্দ পাল

২৭. উক্ত রাজার কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে—
ক) ঔদ্ধত্য খ) সহিষ্ণুতা
গ) প্রতিহিংসাপরায়ণতা ঘ) শত্রুতা

২৮. আরবদের সিন্ধু বিজয়ের প্রত্যক্ষ কারণ কী ছিল?
ক) ইসলামী সাম্রাজ্য বিস্তার
খ) ভারতের ধন সম্পদ লাভ
গ) জলদস্যু কর্তৃক আরব জাহাজ লুণ্ঠন
ঘ) হাজ্জাজের সাম্রাজ্যবাদী নেশা

২৯. কুতুবউদ্দিনের প্রতিষ্ঠিত বংশকে দাস বংশ বলার কারণ—
ক) তিনি দাসদের দ্বারা শাসন চালাতেন
খ) তার পূর্ব পুরুষ দাস ছিল
গ) তিনি প্রথম জীবনে দাস ছিলেন
ঘ) অধিকাংশ শাসক দাস ছিলেন

৩০. খলিফা আল ওয়ালিদের পূর্বাঞ্চলীয় শাসক কে ছিলেন?
ক) রাজা দাহির খ) হাজ্জাদ বিন-ইউসুফ
গ) মুহাম্মদ-বিন-কাশিম
ঘ) কেতোয়বা-বিন মুসলিম

৩১. গজনীর 'স্বর্গীয় বধূ' নামক মসজিদটি নির্মাণ করেন কে?
ক) মুহাম্মদ ঘুরী খ) সুলতান মাহমুদ
গ) কুতুব উদ্দিন আইবেক ঘ) আলপ্ত গীন

৩২. প্রাচ্যের হোমার কাকে বলা হয়?
ক) আনসারী খ) আল বেরুনী
গ) কবি ফেরদৌসী ঘ) ফারাবী

৩৩. তারাইনের প্রথম যুদ্ধ সংঘটিত হয় কত সালে?
ক) ১১৭৬ সালে খ) ১১৮৬ সালে
গ) ১১৯১ সালে ঘ) ১১৯২ সালে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
প্রাচীনকালে একজন সম্রাট তার প্রতিবেশি রাজ্যগুলোতে সামরিক কর্তৃত্ব স্থাপনের জন্য এক বিশাল সৈন্যবাহিনী গঠন করেন। সৈন্যদের নিয়মিত বেতন ভাতা প্রদানে রাজকোষ খালি হওয়ার আশঙ্কায় সম্রাট অর্থনৈতিক সংস্কারে মনোযোগী হন, বাজারে নিত্য ব্যবহার্য জিনিসপত্রের দাম নির্ধারণ করে দেন। মজুদদারী রোধ করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেন।

৩৪. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে দিল্লীর কোন সুলতানের গৃহীত অর্থনৈতিক কর্মকাণ্ডের মিল রয়েছে?
ক) গিয়াস উদ্দিন বলবন খ) আলাউদ্দিন খলজী
গ) মুহাম্মদ বিন তুঘলক ঘ) ফিরোজ শাহ তুঘলক

৩৫. উদ্দীপকে বর্ণিত অর্থনৈতিক সংস্কারকে দিল্লীর ইতিহাসে কী নামে অভিহিত করা হয়েছে?
ক) দ্রব্য বিনিময় ব্যবস্থা খ) রাজস্ব নিয়ন্ত্রণ ব্যবস্থা
গ) জায়গীর ব্যবস্থা ঘ) মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**
একটি রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান। রাষ্ট্রপ্রধান হয়েও তিনি অত্যন্ত সাদা-সিধে জীবন যাপন করতেন। তিনি তার স্ত্রী মিলে সাংসারিক সকল কাজকর্ম সম্পন্ন করতেন। রাষ্ট্রীয় অর্থ ব্যাতিরেকেই জীবন ও জীবিকা নির্বাহ করতেন।

৩৬. উদ্দীপকে বর্ণিত রাষ্ট্রপ্রধানের কর্মকাণ্ডে দিল্লির কোন সুলতানের কর্মকাণ্ডের প্রতিফলন ঘটেছে?
ক) কুতুব উদ্দিন আইবেক খ) ইলতুৎমিশ
গ) বলবন ঘ) নাসিরউদ্দিন মাহমুদ

৩৭. উক্ত শাসকের এরূপ কর্মকাণ্ডে প্রতিফলিত হয়—
i. সচ্ছলতা ii. আড়ম্বরহীনতা
iii. উদারতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. ইলতুৎমিশ ও গিয়াসউদ্দিন বলবনের মধ্যে বৈসাদৃশ্য কোথায়?
ক) চল্লিশ চক্রের উত্থান ও পতনে
খ) জাতিগতভাবে
গ) ক্রীতদাস হিসাবে ঘ) সবগুলো

৩৯. মুহ্তাসিবের কী কর্তব্য ছিল?
ক) ধর্মীয় অনুশাসন পালন
খ) রাজনৈতিক
গ) অর্থনৈতিক কর্মকাণ্ড
ঘ) ভূমি রাজস্ব

৪০. ভারতের তোতাপাখি নামে পরিচিত কে?
ক) জিয়াউদ্দিন বারাণী খ) আমীর খসরু
গ) মিনহাজ-উস-সিরাজ ঘ) নাসিরউদ্দিন মাহমুদ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | খ |

http://teachingbd.com